সংবাদ

তারিখ ... AUG ... 2000

পৃষ্ঠা ১২ কলাম ৪

### ১১ দিন অনশনের পর ধর্মঘট প্রত্যাহার

# কমিউনিটি শিক্ষকরা কিছুই পেলেন না

নিজস্ব বার্তা পরিবেশক

টানা ১১ দিন অনশনের পর কিছুই না পেয়ে ধর্মঘট প্রত্যাহার করে নিলেন কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা। গতকাল শিক্ষকরা প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে স্মারকলিপি দিয়ে তাদের আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করেছেন। ফলে শনিবার থেকে সব কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে ক্লাস শুরু হবে। এর আগে শিক্ষকরা কেন্দ্রীয় শহীদ মিনার থেকে একটি মিছিল বের করলে পুলিশ দোয়েল চত্বরের কাছে তাদের বাধা দেয়। নেতৃবৃন্দ বলেন, বিএনপি-জামায়াত জোট সরকারের প্রতি অনাস্থা ও কয়েক দিনের মধ্যে ছাত্রছাত্রীদের দ্বিতীয় সাময়িক পরীক্ষা শুরু ও বৃত্তি পরীক্ষার কথা বিবেচনা করে চলমান আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করা হয়েছে। এদিকে বেসরকারি স্কুল-কলেজে গতকাল থেকে ক্লাস শুরু হয়েছে। [illegible]

শিক্ষকরা চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে বিদ্যালয় বন্ধ করে ৬ আগস্ট থেকে আমরণ অনশন কর্মসূচি পালন করার পরও সরকার ইতিবাচক সাড়া না দেয়ায় গতকাল বিকেলে শিক্ষক নেতৃবৃন্দ তাদের আন্দোলন কর্মসূচি প্রত্যাহার করেন।

কমিউনিটি শিক্ষক সমিতির সভাপতি হাবিবুল আহসান বাবলু বলেছেন, সরকার কমিউনিটি শিক্ষকদের সঙ্গে দাবি আদায় নিয়ে ছেলেখেলা খেলছে। তাই এই

ধর্মঘট : পৃ: ২ ক: ১

### ধর্মঘট : প্রত্যাহার

সরকারের কাছে দাবি করা অনৈতিক হবে এ জন্য তারা স্বেচ্ছায় আন্দোলন প্রত্যাহার করে বিদ্যালয়ে ফিরে যাচ্ছেন।

৬ আগস্ট সরকার ১০০ ভাগ বেতন দেয়ার ঘোষণা দেয়ার পর শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের দুই অংশই তাদের কর্মসূচি স্থগিত করে দেয়। ১১ আগস্ট থেকে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চলমান ধর্মঘট ২৬ আগস্ট পর্যন্ত স্থগিত করেছে। তবে ফ্রন্টের ২৬ আগস্ট মহাসমাবেশ ও ২৭ আগস্টের হরতালসহ অন্যান্য কর্মসূচি অব্যাহত রয়েছে। সর্বশেষ ১৬ আগস্ট শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদ তাদের ধর্মঘট স্থগিত করে। একই সঙ্গে পরিষদ ১৯ থেকে ২৪ আগস্ট শিক্ষা প্রতিষ্ঠানের আয় সরকারি কোষাগারে জমা দেয়ার শর্ত সম্পর্কে পরিচালনা পরিষদ, অভিভাবক ও স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময়, ২৬ আগস্ট থেকে ২২ সেপ্টেম্বর চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, বরিশাল ও ঢাকায় বিভাগীয় সমাবেশ ও বিক্ষোভ মিছিল এবং ৯ নভেম্বর জাতীয় প্রতিনিধি সভা কর্মসূচি অব্যাহত রয়েছে।

গত ৭ জুলাই থেকে সারাদেশের বেসরকারি মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষকরা বেতন ভাতাসহ সব ক্ষেত্রে [illegible]